

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৯৫. প্রচণ্ড ও অদম্য প্রেমের কিছু ঔষুধ

"আমি তার থেকে মন্দ কর্ম ও অশ্লীলতা দূরে রাখার জন্য এরূপ নিদর্শন দেখিয়েছিলাম।" (১২-সূরা ইউসুফঃ আয়াত-২৪)

১. অধিকতর একনিষ্ঠ হয়ে আপনার ইবাদতকে উন্নত করার জন্য কঠোর সাধনা করুন।

"আর যে সব নর-নারীরা নিজেদের যৌনাঙ্গকে (অবৈধ যৌনক্রিয়া থেকে) হেফাজত রাখে।" (২৪-সূরা নূরঃ আয়াত- ৩০-৩১)

আপনার দৃষ্টিকে নত (বা নিচের দিকে) রাখুন।

"আর যারা নিজেদের যৌনাঙ্গকে (অবৈধ যৌন ক্রিয়া থেকে) হেফাজত রাখে।"

- ৩. আপনার প্রেমাস্পদ থেকে দূরে কোথাও চলে যান।
- ৪. আমলে সালেহ, নেক আমল, পুণ্যকর্ম, সৎকাজ বা ভালোকাজে নিজেকে ব্যস্ত রাখুন।
- "নিশ্চয় তারা সৎকাজে প্রতিযোগিতা করত, আমাকে আশা ও ভয়ের সাথে ডাকত এবং তারা আমার তরে বিনীত ছিল।" (২১-সূরা আম্বিয়াঃ আয়াত-৯০)
- ৫. বৈধ আমোদ-আহ্লাদ করুন। অর্থাৎ শরীয়তসম্মত আনন্দ-স্ফূর্তি করুন।

"তাহলে তোমাদের পছন্দনীয় নারীকে বিবাহ কর।" (৪-সূরা নিসাঃ আয়াত-৩)

"এবং তার নিদর্শনাবলির একটি এই যে, তিনি তোমাদের মধ্য থেকে তোমাদের স্ত্রীগণকে সৃষ্টি করেছেন যাতে করে তোমরা তাদের নিকট শান্তি পাও।" (৩০-সূরা আর রূমঃ আয়াত-২১)

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

"হে যুব সম্প্রদায়! তোমাদের মধ্যে যে বিবাহের সামর্থ্য রাখে সে যেন বিবাহ করে।"



• Source — https://www.hadithbd.com/books/link/?id=7703

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন